মেহেরপুরে বজ্রপাতে কৃষক নিহত, আহত দুই গৃহবধুসহ ৪ জন

মেহেরপুরে পৃথক স্থানে বজ্রপাতে আবু বক্কর সিদ্দিক (৪৫) নামে এক কৃষক নিহত ও দুই গৃহবধু আহত হয়েছেন। নিহত আবু বক্কর সিদ্দিক মেহেরপুর সদর উপজেলার রাধাকান্তপুর গ্রামের রিয়াজ উদ্দীনের ছেলে।

আজ মঙ্গলবার (২১ জুন) দুপুরের দিকে এ বজ্রপাতের ঘটনা ঘটে।

এছাড়া আহতরা হলেন একই উপজেলার গোপালপুর গ্রামের আব্দুস সালামের স্ত্রী আঙ্গুরা খাতুন (৩০) ও রাজাপুর গ্রামের মজিদুল ইসলামের স্ত্রী কহিনুর বেগম (২৫), রাধাকান্তপুর গ্রামের কৃষক আহসান আলী
(৪০) ও রহমতুল্লাহ ।

আহত আঙ্গুরা ও কহিনুরের অবস্থা আশংকাজনক বলে জানিয়েছেন ২৫০ সয্যার মেহেরপুর জেনারেল হাসপাতালের জরুরী বিভাগে কর্তব্যরত চিকিৎসক বেলাল সুমন।

স্থানীয়রা জানান, কৃষক আবু বক্কর সিদ্দিক স্থানীয় মাঠে ধান রোপন করছিলেন। ঝুম বৃষ্টির সাথে বজ্রপাত হলে আবু বক্কর সিদ্দিক গুরুতর আহত হন। আহতাবস্থায় তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত্যু ঘোষণা করেন।

২৫০ শয্যার মেহেরপুর জেনারেল হাসপাতালের জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক বেলাল সুমন জানান, আহত দুই নারীর অবস্থা আশংকাজনক। হাসপাতালে ভর্তি রেখে চিকিৎসা দেওয়া হচ্ছে তাদের।

চুয়াডাঙ্গায় বজ্রপাতে একজন

নিহত

চুয়াডাঙ্গায় বজ্রপাতে আশাদুল হক নামের একজন পাওয়ার ট্রিলার চালক নিহত হয়েছে। রবিবার দুপুরে চুয়াডাঙ্গা সদর উপজেলার শ্রীকোল বোয়ালিয়া গ্রামে এ ঘটনা ঘটে।

নিহত আশাদুল হক (৪২) চুয়াডাঙ্গা সদর উপজেলার হানুরবাড়াদি গ্রামের স্কুলপাড়ার মৃত আইয়ুব আলীর ছেলে। এ ঘটনায় আহত হয়েছে শ্রীকোল বোয়ালিয়া গ্রামের মৃত লাল মোহাম্মদের ছেলে রবিউল ইসলাম (৬৫)। আহত রবিউল ইসলামকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি রাখা হয়েছে।

জানা গেছে, আজ দুপুরে শ্রীকোল বোয়ালিয়া স্কুলের নিকট একটি আম বাগান থেকে পাওয়ার ট্রিলারে আম বোঝায় করে চুয়াডাঙ্গা যাচ্ছিলেন আশাদুল হক। এসময় শুরু হওয়া বৃষ্টির সাথে বজ্রপাতে ঘটনাস্থলেই নিহত হয় আশাদুল হক। এসময় তার সাথে থাকা রবিউল ইসলাম আহত হয়। স্থানীয় লোকজন আহত রবিউল ইসলামলে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে ভর্তি করে। নিহত আশাদুল হকের লাশ তার নিজ বাড়িতে নেয়া হয়েছে ।

কুষ্টিয়ার দৌলতপুরে বজ্রপাতে ৪ জনের মৃত্যু

কুষ্টিয়ার দৌলতপুরে পৃথক পৃথক স্থানে বজ্রপাতে ৪ জন মারা গেছেন। আহত হয়েছেন এক গৃহবধূ।

সোমবার বিকালে উপজেলার বোয়ালিয়া ইউনিয়নের নাটনাপাড়া মাঠে বজ্রপাত ঘটে কামাল (২৫) ও মহিবুল (২৭) নামে দুই কৃষকের মৃত্যু হয়।